**অথবা**

''যদি বঙ্গ রঙ্গালয় স্থায়ী হয়, বিনোদিনীর এই ক্ষুদ্র জীবনী আগ্রহের সহিত অন্বেষিত ও পঠিত হইবে।'' বিনোদিনী দাসীর 'আমার কথা' সম্পর্কে স্বয়ং গিরিশচন্দ্র ঘোষের এই আত্মপ্রত্যয়ের কারণ কী? উল্লিখিত জীবনীগ্রন্থ অবলম্বনে আলোচনা কর।

**অথবা**

বাংলা গদ্যচর্চার ইতিহাসে মাইকেল মধুসূদন দত্তের 'হেক্টর বধ' এক নতুন সৃষ্টি — এ বিষয়ে তোমার মতামত যুক্তিসহ ব্যক্ত কর।

**অথবা**

''হোমারের ভাষার আদর্শের গঠিত বলিয়া, ইহা তেজোময় ও উৎসাহোদ্দীপক।'' মাইকেল মধুসূদন দত্তের 'হেক্টর বধ' সম্বন্ধে মধুসূদনের জীবনীকার যোগীন্দ্রনাথ বসুর করা উপর্যুক্ত মন্তব্যটির তাৎপর্য দৃষ্টান্তসহ আলোচনা কর।

★ ★ ★



**Ex/CBCS/CL/UG/CORE/5.1A/2024**

# Bachelor of Arts Examination, 2024

**( 3rd Year, 5th Semester )**

**Comparative Literature**

**Paper : Core 5.1A**

## আধুনিক বাংলা সাহিত্য—১

*Time* : *Two Hours* *Full Marks* : 30

প্রশ্নগুলি সমমানের।

কেবলমাত্র বাংলা অথবা ইংরেজি ভাষায় **সকল** প্রশ্নের উত্তর লেখ।

**১.** (ক) বিদ্যাসাগর ও বঙ্কিমচন্দ্রের বহুবিবাহ বিষয়ক বিতর্ককে কি ঔপনিবেশিক শাসনের এমন দু'প্রকার দেশীয় প্রতিক্রিয়া হিসেবে পড়া যায়, যা দু'টি পৃথক ঐতিহাসিক-সামাজিক পরিস্থিতিতে উদ্ভূত? নাকি তা স্রেফ দুই ব্যক্তির মতবিরোধ? আলোচনা কর।

**অথবা**

বিদ্যাসাগরের ''বহুবিবাহ: তৃতীয় আপত্তি'' প্রবন্ধটি বিতর্কমূলক গদ্য বা polemics-এর তৎকালীন সংরূপে কী জাতীয় আঙ্গিকগত পরিবর্তন নিয়ে আসে? এহেন কৌশল গ্রহণের কারণ কী বলে মনে হয়? আলোচনা কর।

**অথবা**

(খ) ঔপনিবেশিক শিক্ষার সমালোচনায় রবীন্দ্রনাথ কি ঔপনিবেশিক শিশুভাবনার প্রভাব থেকে সম্পূর্ণ মুক্ত হতে পেরেছেন? নাকি ঔপনিবেশিক অস্তিত্বের মূলগত জটিলতা তাঁর অবস্থানটিকে সূচিত করে? ''শিক্ষার হেরফের'' প্রবন্ধের ভিত্তিতে আলোচনা কর।

**অথবা**

গণপরিসর ও সাহিত্যচর্চা রবীন্দ্রনাথের শিক্ষাভাবনায় কী জাতীয় ভূমিকা নেয়? ঔপনিবেশিক শাসনের প্রতিক্রিয়া হিসেবে উনিশ শতকের শেষে দানা বাঁধছিল যে জাতীয়তাবাদ, তার সঙ্গে এহেন শিক্ষাভাবনার কী সম্পর্ক? ''শিক্ষার হেরফের'' প্রবন্ধের ভিত্তিতে আলোচনা কর।

২. (ক) 'আনন্দমঠ' উপন্যাসের শান্তি চরিত্রটি নেহাতই ''বিপ্লবের সেবাদাসী'' হয়ে থাকেনি — এ প্রসঙ্গে তোমার মতামত আলোচনা কর।

**অথবা**

তোমার মতে 'আনন্দমঠ' কি নিছকই একটি ''মুসলিম-বিদ্বেষী'' উপন্যাস? আলোচনা কর।

**অথবা**

(খ) 'হুতোম পেঁচার নকশা' সেকালের কলকাতার প্রান্তিক বাস্তবতা বিষয়ক ভাষ্য — আলোচনা কর।

**অথবা**

'নীলদর্পণ' নাটকের কেন্দ্রীয় চরিত্র নবীনমাধব হয়ে ওঠে 'ভদ্রলোক' নির্মাণের এক কৌশল। 'কৃষক আন্দোলন' বিষয়ে দীনবন্ধু মিত্রের দৃষ্টিভঙ্গি গভীরে ঔপনিবেশিক শাসনকেই সমর্থন করে। — আলোচনা কর।

**অথবা**

হানিফ এবং তোরাপ চরিত্রদুটি বিষয়ে বিশ্লেষণী টীকা লেখ।

৩. (ক) 'পোস্টমাস্টার' গল্পটিকে কি গ্রাম-শহরের সম্পর্ক এবং ঔপনিবেশিক বাস্তবতার নিরিখে পড়া যাবে? এ বিষয়ে তোমার মতামত পেশ কর।

**অথবা**

'ক্ষুধিত পাষাণ' একটি 'ভূতের গল্প'। ঔপনিবেশিক বাস্তবতাই সেই ভূত নির্মাণ করেছে। আলোচনা কর।





**অথবা**

(খ) ''ইংরেজ-রাজ্যের অভ্যুদয়ে যে আধুনিক সাহিত্য রাজসভা ত্যাগ করিয়া পৌরজনসভায় আতিথ্য গ্রহণ করিয়াছে এই গানগুলি তাহারই প্রথম পথপ্রদর্শক।'' উনিশ শতকের কবিয়ালদের গান সম্পর্কে এই মন্তব্যের যাথার্থ্য বিচার কর।

**অথবা**

তোমার পঠিত কবিগানগুলি অবলম্বনে উনিশ শতকের কবিয়ালদের গানের বিষয় ও আঙ্গিক সম্পর্কে সবিশেষ আলোচনা কর।

**অথবা**

ব্রাহ্মধর্মের উত্থানকে কি পাশ্চাত্যের সঙ্গে যোগাযোগের রাজনৈতিক প্রতিক্রিয়া হিসেবে পড়া যায়? নাকি তা নেহাতই ধর্মসংস্কারের আধ্যাত্মিক প্রচেষ্টা? দেবেন্দ্রনাথ ঠাকুরের আত্মজীবনী থেকে উদাহরণ দেখিয়ে আলোচনা কর।

**অথবা**

ঔপনিবেশিক আমলে আত্মজীবনীর মতো সংরূপের প্রচলনের ঘটনাটির সঙ্গে ভারতীয় প্রেক্ষিতে আধুনিক আত্মসত্তার বিকাশ কীভাবে সম্পর্কিত? তোমার পঠিত দু'টি আত্মজীবনীর নিরিখে আলোচনা কর।

**অথবা**

দেবেন্দ্রনাথ ঠাকুরের 'আত্মজীবনী'-তে কি সন্তজীবনী বা hagiography-র আদল চোখে পড়ে? ঔপনিবেশিক শাসনের কী জাতীয় দেশীয় প্রতিক্রিয়া হিসেবে পড়া যায় একে? আলোচনা কর।

**অথবা**

ঊনবিংশ শতকে বাঙালির সমাজ ও সাহিত্যে যে 'ভদ্রলোক' নির্মাণের চেষ্টা, বিনোদিনী দাসীর 'আমার কথা' যেন তারই সঘোষিত প্রতিবাদ — এ বিষয়ে তোমার মতামত দৃষ্টান্তসহ আলোচনা কর।